



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর, চট্টগ্রাম-৪১০০

বাংলাদেশ।

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

নথি নং-১৮.০৪.০০০০.১৮১.২৫.০১২-২০১৭/৮২০

তারিখঃ ০৭/১২/২০১৮ খ্রিঃ

বরাবরে

জনাব চিরঞ্জীব দত্ত

প্রধান সহকারী

চিকিৎসা বিভাগ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

**বিষয়ঃ নিকটতম আত্মীয়ের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ভারত গমনের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : আপনার ১১/১১/২০১৮ তারিখের আবেদন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯/০৬/২০১১ তারিখের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) অনুসারে আপনাকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে নিকটতম আত্মীয়ের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে আগামী ০১/০১/২০১৯ইং বা প্রকৃত ভ্রমণের তারিখ হতে ১৫ দিনের জন্য ভারত গমনের অনুমতিসহ অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) মঞ্জুর করা গেলঃ-

- বিদেশ গমনের জন্য যথাযথ কর্তৃপক্ষ হতে যথাবিধি ছুটি ও ছাড়পত্র নিতে হবে;
- প্রস্তাবিত ভ্রমণের সমুদয় ব্যয়ভার আপনি নিজে বহন করবেন, এ ব্যাপারে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ভ্রমণকালীন সময়ে বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।

২। বর্ণিত ভ্রমণে আপনার ছেলে রোহিত দত্ত সফর সংগী হিসাবে থাকবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

স্বাক্ষরিত/-

পরিচালক(প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

ফোনঃ ০৩১-৭২৬৯১৭

তারিখঃ ০৭/১২/২০১৮ খ্রিঃ

নথি নং-১৮.০৪.০০০০.১৮১.২৫.০১২-২০১৭/৮২০

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-**

- সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- পরিচালক, হজরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- পরিচালক, হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ভারপ্রাপ্ত অফিসার, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ভারপ্রাপ্ত অফিসার, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট, হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ভারপ্রাপ্ত অফিসার, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বিবির বাজার/আখাউড়া/বুড়িমারি/দুর্শনা/বেনাপোল, হিলি, দিনাজপুর, যশোর, বাংলাদেশ।

প্রধান চিকিৎসা কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

সিস্টেম এনালিস্ট, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

পরিচালক(প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

ফোনঃ ০৩১-৭২৬৯১৭